ঈদের আগে ক্ষতিগ্রস্ত সড়ক মেরামতের নির্দেশ সেতুমন্ত্রীর

আসন্ন ঈদ-উল-আযহার এক সপ্তাহ আগে বন্যায় ক্ষতিগ্রস্ত সড়ক-মহাসড়কসমূহের চলমান জরুরি মেরামত কাজ শেষ করার নির্দেশ দিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এমপি।

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে আজ মঙ্গলবার এ কথা জানানো হয়। এদিন সকালে মন্ত্রণালয়ের সভাকক্ষে এক জরুরি সভায় মন্ত্রী সংশ্লিষ্টদের এ নির্দেশনা দেন।

এদিকে মন্ত্রণালয়ের কর্মকর্তা বলছেন, এবারের বন্যায় স্থানীয় সরকার বিভাগের আওতায় সড়কগুলোই বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন সড়ক-মহাসড়কগুলোর ক্ষতি হয়েছে কম।